157

দৈনিক ইত্তেফাক

তারিখ ২৯।৮।৯১
পৃষ্ঠা ১ কলাম ৪

# ভার্সিটি খোলার আগে উপনির্বাচন প্রসঙ্গ বিবেচনার আহবান

( ইত্তেফাক রিপোর্ট )

গতকাল (বুধবার) ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা পরিবেশ পরিষদের সভায়—বিশ্ববিদ্যালয় খোলার পূর্বে উপ-নির্বাচন প্রসঙ্গ বিবেচনা

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ভার্সিটি খোলার আগে

(১ম পৃঃ পর)

করার আহ্বান জানান হইয়াছে। ভিসি প্রফেসর মনিরুজ্জামান মিঞার সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় বিভিন্ন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় বক্তাগণ ক্যাম্পাসে সন্ত্রাস প্রতিরোধের উদ্যোগ নিয়া অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলিয়া দেওয়ার ব্যাপারে মতামত ব্যক্ত করেন। সভায় ক্যাম্পাসের সার্বিক পরিস্থিতি এবং উপ-নির্বাচন প্রসঙ্গ আলোচিত হয়।

এদিকে অবিলম্বে বিশ্ববিদ্যালয় খোলার দাবীতে শিক্ষা সংগ্রাম কমিটি গতকাল এক সভার আয়োজন করে। সভায় ৩০শে আগষ্ট হইতে ৩রা সেপ্টেম্বর পর্যন্ত ঢাকা শহরের বিভিন্ন এলাকায় বিশ্ববিদ্যালয় ছাত্রদের পৃথক সভা করার সিদ্ধান্ত ঘোষণা করা হয়।